

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২২৪) মুসাফির যদি স্থানীয় ইমামের শেষ দু'রাকাত নামাযে শরীক হয়। তবে কছরের নিয়ত করে উক্ত দু'রাকাআত শেষে ইমামের সাথে সালাম ফেরানো জায়েয হবে কি?

কোন মুসাফির যদি স্থানীয় ইমামের পিছনে নামাযে দন্তায়মান হয়, তবে কছরের নিয়ত করা জায়েয হবে না। কেননা নবী (ছাল্লাল্লাল্ছ আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন,

مَا أَدْرَكْتُمْ فَصَلُّوا وَمَا فَاتَكُمْ فَأَتِمُّوا

"ইমামের সাথে তোমরা যেটুকু ছালাত পাবে তা আদায় করবে। আর যা ছুটে যাবে তা সালামের পর পূর্ণ করবে।" অতএব মুসাফির যদি স্থানীয় ইমামের সাথে শেষ দু'রাকাআতে শামিল হয়, তবে ইমামের সালামের পর অবশিষ্ট দু'রাকআত পূর্ণ করা ওয়াজিব। (আল্লাহ্ অধিক জ্ঞান রাখেন)

Source — https://www.hadithbd.com/books/link/?id=754

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন